

প্রেস বিজ্ঞপ্তি

ওয়াকি-টকি সেটের অবৈধ আমদানি, বিক্রয় ও ব্যবহার বন্ধে রাজধানীতে বিটিআরসি'র অভিযান
প্রায় ৫০ লক্ষ টাকা মূল্যের ওয়াকি-টকি সেট ও সরঞ্জামাদি জব্দ, গ্রেফতার ৫

ঢাকা, ৩১ অক্টোবর ২০২১:


ওয়াকি-টকিসহ সকল বেতার যন্ত্রপাতিসমূহের অবৈধ আমদানি, মজুত, বিক্রয়, বিক্রয়ের উদ্দেশ্যে প্রদর্শন, ইজারা প্রতিহত করার লক্ষ্যে দেশব্যাপী অভিযান কার্যক্রম পরিচালনার অংশ হিসেবে গত ৩০ ও অদ্য ৩১ অক্টোবর ২০২১ তারিখে বিটিআরসি ও র‍্যাব-১০ এর যৌথ টিম রাজধানীর সায়দাবাদ, মনিপুরীপাড়া, রাজারবাগ ও শেওড়াপাড়া এলাকায় অভিযান পরিচালনা করে। উক্ত অভিযানে বিভিন্ন প্রকারের ৩১৭ টি অবৈধ ওয়াকি-টকি ওয়্যারলেস সেট ও ৫,২৪৪ টি একসেসরিস জব্দ করা হয়, যার আনুমানিক বাজার মূল্য প্রায় ৫০ লক্ষ টাকা। বর্ণিত অবৈধ কার্যক্রমের সাথে জড়িত থাকার অপরাধে ঘটনাস্থলসমূহ থেকে মোট ০৫ জনকে গ্রেফতার করা হয়েছে।

গ্রেপ্তারকৃতরা বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ আইন, ২০০১ এর ধারা ৫৫(৭) মোতাবেক ওয়াকি-টকি ব্যবহারের জন্য কোনো প্রকার লাইসেন্স বা তরঙ্গ গ্রহণ করেনি। এছাড়াও একই আইনের ৫৭(৩) ধারা মোতাবেক ওয়াকিটকি আমদানির পূর্বে বিটিআরসি হতে অনাপত্তি গ্রহণের বিধান থাকলেও তারা তা ভঙ্গ করে অবৈধভাবে উক্ত ওয়াকি-টকিসমূহ আমদানি এবং প্রদর্শনপূর্বক বিক্রয় করেছেন।

বিটিআরসি কর্তৃক জারিকৃত নির্দেশনা মোতাবেক সরকারি প্রতিষ্ঠান ব্যতিত অন্য কোন ব্যক্তি/ প্রতিষ্ঠানের কালো রঙের ওয়াকি-টকি সেট ব্যবহার সম্পূর্ণরূপে নিষিদ্ধ। এক্ষেত্রে আটককৃতরা দেশের প্রচলিত আইন অমান্য করে অবৈধভাবে কালো রঙের ওয়াকি-টকি সেট বিক্রয় করেছেন, যা দেশের সার্বিক নিরাপত্তার জন্য হুমকিস্বরূপ। উল্লেখ্য, এই ধরনের অবৈধ ওয়াকি-টকি সেট ব্যবহার করে অপরাধী চক্র ডাকাতি, ছিনতাই, চাঁদাবাজি, প্রতারণাসহ বিভিন্ন অপরাধ সংঘটিত করে থাকে।

গ্রেপ্তারকৃত ব্যক্তিদের বিরুদ্ধে বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ আইন, ২০০১ এর বিধান অনুযায়ী প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে এবং এরূপ অভিযান কার্যক্রম চলমান থাকবে।

অনুরোধক্রমে



মোঃ জাকির হোসেন খাঁন

উপ-পরিচালক

মিডিয়া কমিউনিকেশন এন্ড পাবলিকেশন উইং

বিটিআরসি

যোগাযোগঃ ০১৫৫২২০২৮৪০

zakirkhan@btrc.gov.bd

প্রাপক,

১। উপ-মহাপরিচালক (বার্তা)

বাংলাদেশ টেলিভিশন এবং

২। সম্পাদক/ প্রধান বার্তা সম্পাদক, দৈনিক সংবাদপত্র;

হেড অব নিউজ/ চীফ নিউজ এডিটর;

বার্তা সংস্থা/ টেলিভিশন চ্যানেল/রেডিও চ্যানেল;

অনলাইন নিউজ, ঢাকা, বাংলাদেশ।

৩। চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত সচিব ও ভাইস চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা (ইহা মহোদয়গণের সদয় অবগতির জন্য),
বিটিআরসি।

৪। অফিস কপি।